গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

**নং ঃ ৯৪ /২০১৯** **তারিখ ঃ ১৯/০৫/২০১৯ খ্রিঃ।**

**বিষয় ঃ আন্তঃজেলা বদলীসূত্রে কাজে যোগদান প্রসঙ্গে।**

সূত্র ১ ঃ মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বিচার শাখা) এর গত ০৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখের ১০৪ জে নং বিজ্ঞপ্তি।

সূত্র ২ ঃ জেলা জজের কার্যালয়, গাইবান্ধার গত ১৫/০৫/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের জেঃ/জঃ/(গাইঃ)৩(১)/২০১৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনাব মোঃ আখিরুজ্জামান, বেঞ্চ সহকারী, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, গাইবান্ধা-কে তাহার আবেদনের প্রেক্ষিতে রংপুর জেলা জজশীপে সেরেস্তাদার এর শূণ্য পদে আন্তঃজেলা বদলীর আদেশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মচারী অদ্য ১৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখ পূর্বাহ্ন ৯.০০ ঘটিকায় রংপুর জেলা জজশীপে সেরেস্তাদার পদে কাজে যোগদানের অনুমতির জন্য প্রার্থনা করিয়াছেন। তাহার দাখিলী যোগদান পত্র গৃহীত হইল। পূনরাদেশ না দেওয়া পর্যন্ত তাহাকে হিসাবরক্ষক, জেলা জজ আদালত, রংপুর -এর শূণ্য পদে পদায়ন করা হইল।

উল্লেখিত কর্মচারী স্বেচ্ছায় বদলী হইয়াছেন বিধায় তিনি কোন প্রকার টি,এ/ডি,এ পাওয়ার অধিকারী হইবেন না।

অত্র কার্যালয়ের গত ২৮/০১/২০১৯ খ্রিঃ তারিখের ২২/২০১৯ নং অফিস আদেশমূলে জনাব মোছাঃ খালেদা বেগম, সেরেস্তাদার, সিনিয়র সহকারী জজ আদালত, মিঠাপুকুর, রংপুর-কে হিসাবরক্ষক, জেলা জজ আদালত, রংপুর এর অতিরিক্ত দায়িত্ব হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(রাশেদা সুলতানা )
সিনিয়র জেলা জজ
রংপুর।

**স্মারক নং ঃ জেঃজঃরং- ২১১(৮)/২০১৯** **তারিখ ঃ ১৯/০৫/২০১৯ খ্রিঃ।**

**জ্ঞাতার্থে ঃ**

১। ডেপুটি রেজিস্ট্রার, (প্রশাসন ও বিচার),হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
২। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৪। জনাব খালেদা বেগম, সেরেস্তাদার, সিনিয়র সহকারী জজ আদালত, মিঠাপুকুর, রংপুর।
৫। জনাব মোঃ আখিরুজ্জামান, হিসাবরক্ষক, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৫। আদেশ বহি/অফিস ফাইল।

১৯/০৫/১৯
(রাশেদা সুলতানা )
সিনিয়র জেলা জজ
রংপুর।